গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রোগ নিয়ন্ত্রণ শাখা
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- স্বাঃঅধিঃ/রোঃনিঃ/আইএইচআর/২০২২/ ৬৬৭৭ তারিখ: ২৮/১০/২০২২ খ্রিঃ

বরাবর,
চেয়ারম্যান,
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ,
কুর্মিটলা, ঢাকা।

বিষয়: বিদেশ থেকে আগত যাত্রীদের Health Declaration Form (HDF) পূরণ স্থগিত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৩০/০১/২০২০ তারিখ কোভিড-১৯ কে এবং ২৩/০৭/২০২২ তারিখ Monkeypox কে Public Health Emergency of International Concern (PHEIC) হিসেবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা ঘোষণা করেছেন। PHEIC চলাকালীন সময়ে আন্তর্জাতিক বন্দর (বিমান বন্দর, স্থল বন্দর ও সমুদ্র বন্দর) সমূহে বিদেশ থেকে আগত যাত্রীদের হেলথ স্ক্রীনিং কার্যক্রম পরিচালনা করা ও হেলথ ডিক্লারেশন ফর্ম পূরণ করার জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক নির্দেশনা রয়েছে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম ও ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এ Online HDF চালু রয়েছে যা বিদেশ থেকে আগত সকল যাত্রীদের (১২ বছর উর্ধ্ব) যাত্রার ৭২ ঘণ্টার মধ্যে পূরণ করতে হয়।

বিদেশ থেকে আগত শ্রমিক, স্বল্পশিক্ষিত জনগোষ্ঠী, বয়োজ্যেষ্ঠ সহ অনেকের এই ফরম পূরণ করতে সমস্যা হচ্ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা কোভিড-১৯ কে Pandemic পর্যায় থেকে Public Health Emergency of International Concern (PHEIC) হিসেবে অবনমন করেছেন। বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশে যাত্রীদের HDF পূরণ করার প্রয়োজন হচ্ছে না। এমতাবস্থায় বিদেশ থেকে আগত যাত্রীদের Health Declaration Form (HDF) পূরণ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত করা হলো।
কিন্তু **হেলথ স্ক্রিনিং কার্যক্রম** চলমান থাকবে। অতএব উক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

২৮/১০/২০২২

অধ্যাপক ডাঃ মোঃ নাজমুল ইসলাম
পরিচালক, রোগ নিয়ন্ত্রণ
ও লাইন ডাইরেক্টর, সিডিসি
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (দৃঃআঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২. মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
৩. মন্ত্রীপরিষদ সচিব, মন্ত্রীপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ মন্ত্রীপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৪. মাননীয় প্রধানমন্ত্রীর মূখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় (দৃঃআঃ মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৫. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃঃআঃ পররাস্ট্র সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৬. সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৭. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা (দৃঃআঃ সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৮. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
১০. নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১১. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (HDF online ফর্মটি সাময়িক ভাবে স্থগিত করার জন্য অনুরোধ করা হল)।
১২. উপপরিচালক, সিডিসি/এমএন্ডপিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
১৩. সিভিল সার্জন, বন্দর সংশ্লিষ্ট জেলা সমূহ।
১৪. বিমান বন্দর স্বাস্থ্য কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
১৫. বন্দর স্বাস্থ্য কর্মকর্তা, চট্টগ্রাম।
১৬. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বন্দর সংশ্লিষ্ট উপজেলা সমূহ।
১৭. ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, আইএইচআর ও মাইগ্রেশন হেলথ এন্ড ইমারজিং রি-ইমারজিং, রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৮. সিনিয়র অ্যাডভাইজার, আইএইচআর, রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৯. অফিস কপি।

CamScanner